লোহাগাড়ায় মিনি পিকআপের ধাক্কায় মোটরসাইকেলারোহী পল্লী চিকিৎসকের মৃত্যু

এলনিউজ২৪ডটকম: চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের উপজেলার আমিরাবাদ বার আউলিয়া বিশ্ববিদ্যালয় কলেজ গেইটের সামনে আজ ১২ ডিসেম্বর সকাল ১১টায় মিনি পিকআপের ধাক্কায় মোটরসাইকেলারোহী এক পল্লী চিকিৎসকের মৃত্যুর সংবাদ নিশ্চিত করেছেন দোহাজারী হাইওয়ে থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান। নিহত পল্লী চিকিৎসক বশির আহমদ
(৩৩) সাতকানিয়া উপজেলার বোয়ালিয়া পাড়ার মৃত আবুল কাশেমের পুত্র।

জানা যায়, তিনি লোহাগাড়া উপজেলার আধুনগর বাস ষ্টেশনে ডাঃ হাসেম ফার্মেসীতে চেম্বার করার জন্য আসছিলেন। ঘটনাস্থলে পৌঁছলে পণ্যবাহী একটি মিনি পিকআপ তাকে পিছনে ধাক্কা দিলে সে মোটরসাইলে থেকে ছিটকে পড়ে যায় এবং ওই গাড়িই তাকে চাপা দেয়। ফলে সে ঘটনাস্থলে মৃত্যুবরণ করেন।

দূর্ঘটনা কবলিত গাড়ি ২টি দোহাজারী হাইওয়ে থানা হেফাজতে রয়েছে বলে জানা যায়।